গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১

নং- অম/অবি(ব্যঃ নিঃ-১) ডিপি-১/২০০০/৯৭ তারিখঃ ২৬.০৪.২০১১ খ্রিঃ

বিষয় ঃ **অর্থ বিভাগের ০৩. ২.২০০৫ তারিখের আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ আদেশের সংশোধন।**

| ক্রঃ নং | আইটেম | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত আর্থিক ক্ষমতা |
|---|---|---|
| ১। | অম/অবি (ব্যঃনিঃ-১)/ডিপি-১/২০০০/১৩, তারিখঃ ০৩-০২-২০০৫ এর মডেলের ক্রমিক নং ৪৭-টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদন (পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১), ৮২(১) এবং ৭৬(১) (ট) এর সংশোধন অনুযায়ী)। | (ক) স্বল্প মূল্যের পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি / সরঞ্জামাদিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১। অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দ বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২। পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।<br>৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে মোট ব্যয়ের বিভাজন করা যাবে না। |
| ২। | অম/অবি (ব্যঃনিঃ-১)/ডিপি-১/২০০০/১৩, তারিখঃ ০৩-০২-২০০৫ এর মডেলের ক্রমিক নং ৪৮-টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় মঞ্জুরী/ অনুমোদন (পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(১), ৮২(১) এবং ৮৮(১) এর সংশোধন অনুযায়ী | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ২ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবাঃ প্রতি ক্ষেত্রে ১৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১। অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দ বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২। পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।<br>৩। উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে মোট ব্যয়ের বিভাজন করা যাবে না। |

তবে অর্থ বিভাগ কর্তৃক ০৩-০২-২০০৫ তারিখের অম/অবি (ব্যঃনিঃ-১) ডিপি-১/২০০০/১৩ নং পরিপত্রের অন্যান্য বিধি/ বিধান অপরিবর্তিত থাকবে।

২৬.৪.২০১১

( সালিমা জাহান)
উপসচিব (ব্য.নি. অধিশাখা-১)
টেলিফোন নং ৭১৬৮৫৬৯
ই-মেইল ঃ salimaj@ finance. gov. bd

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়/সচিব ,রাষ্ট্রপতির কার্যালয়।
২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ ----------------------------
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
৫। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব ।
৬। মাননীয় প্রধান মন্ত্রীর একান্ত সচিব ।
৭। অর্থ বিভাগের সকল শাখা----------------------------------